

# লোকসভায় বিল পাশ, উত্তরণের পথে বেসু

নিজস্ব সংবাদদাতা: অবশেষে ‘বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি’ (বেসু) জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ‘ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি’তে (আইআইইএসটি) পরিণত হতে চলেছে। বুধবার এই সংক্রান্ত বিলটি লোকসভায় পাশ হয়।

এদিন লোকসভায় ‘ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি সায়েন্স, এডুকেশন অ্যান্ড রিসার্চ বিল ২০১৩’ পাশের মাধ্যমে আইআইইএসটি হওয়ার পথে বেসু আর এক ধাপ এগিয়ে গেল।

দীর্ঘ ছ’বছর ধরে বেসু’র আইআইইএসটি হওয়ার সম্ভাবনা ঘুরেফিরে এসেছে। কিন্তু কাজ বিশেষ এগোয়নি। শেষ পর্যন্ত এদিন সেই সংক্রান্ত বিলটি পাশ হওয়ার খবর পেয়ে বেসু’র উপাচার্য অজয় রায় বলেন, “দীর্ঘদিনের অপেক্ষার অবসান হল। এর ফলে শিক্ষা এবং গবেষণার ক্ষেত্রে বেসু আরও অনেক দূর এগোতে পারবে।” প্রসঙ্গত, আইআইইএসটিতে উন্নীত হলে বেসু পাঁচ বছরে প্রায় ৬০০ কোটি টাকা পাবে।

উপাচার্য জানানেন, এরপর বেসুর নাম হবে ‘আইআইইএসটি শিবপুর’। তবে তাঁরা চাইছেন এর সঙ্গে সাবেক ‘বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ’ কথাটিও থাকুক। আইআইইএসটিতে পরিণত হলে বেসুতে ছাত্রভর্তি আর রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে হবে না। হবে সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে। তবে আগামী শিক্ষাবর্ষ থেকে এই নিয়ম চালু হবে কি না তা নির্ভর করছে কত তাড়াতাড়ি রাষ্ট্রপতি বিলে সই করবেন তার উপর। উপাচার্য বলেন, “ঠিক করে থেকে বেসুকে আইআইইএসটি

হিসেবে গণ্য করা হবে তা স্থির না হওয়া পর্যন্ত এই ভর্তির বিষয়টি নিয়ে চূড়ান্ত কিছু বলা যাচ্ছে না।” এদিন লোকসভায় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী শশী তারুর বিলটি পেশ করেন। এরপর ধ্বনি ভোটে বিলটি পাশ হয়ে যায়। রাজ্যসভায় আজ বিলটি পেশ হওয়ার কথা থাকলেও তা হয়নি। তৃণমূল সাংসদ সৌগত রায় বলেন, “এরপর বিলটি অর্ডিন্যান্সে পরিণত হলে তা কার্যকর করতে বেশি দেরি হবে না।”

২০০৬ সালে আনন্দ কৃষ্ণন কমিটির রিপোর্ট মেনে কেন্দ্র সিদ্ধান্ত নেয়, দেশের জাতীয় গুরুত্বপূর্ণ পাঁচটি কারিগরি শিক্ষাকেন্দ্রে আইআইইএসটি হিসেবে গড়ে তোলা হবে। এই তালিকায় বেসু ছিল সকলের প্রথম। অন্য চারটি কেন্দ্র হল—কেরলের কোচিন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কলেজ অফ টেকনোলজি (অন্ধ্র বিশ্ববিদ্যালয়), ওসমানিয়া ইউনিভার্সিটি কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট, ইনস্টিটিউট অফ টেকনোলজি (বেনারস হিন্দু ইউনিভার্সিটি)। অজয়বাবু জানানেন, ২০১০



সালে কেন্দ্র ঠিক করে আইআইইএসটি হিসেবে প্রথম বেসুকে উন্নীত করা হবে। কেন্দ্র বেসুকে এই ক্ষেত্রে মডেল হিসেবে তুলে ধরতে চেয়েছিল। বেসুকে আইআইইএসটিতে পরিণত করার জন্য অধ্যাপক, পড়ুয়া এবং প্রাক্তনীরাও দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে এসেছেন। বাম জমানায় রাজ্য সরকারের পক্ষ থেকেও বার বার বিষয়টি নিয়ে কেন্দ্রের কাছে দরবার করা হয়েছে। এদিন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেন, “এই বিল পাশ হয়ে যাওয়ায় আমরা খুশি। রাজ্যের পক্ষে বিষয়টি অত্যন্ত গৌরবের। বেসু আইআইইএসটিতে পরিণত হোক তা মুখ্যমন্ত্রী আন্তরিক ভাবে চেয়ে আসছেন।”